

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬।

নং-১০.০০.০০০০.১৩০.২৭.০০২.১৯- ৩ ১৬

তারিখ : ৩১ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর সাব-রেজিস্ট্রী অফিসের সাব-রেজিস্ট্রার জনাব সুব্রত কুমার দাশ এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩ (ঘ) বিধি অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র অভিযোগে বিভাগীয় মোকদ্দমা নং ০১/২০১৯ রুজু করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;


যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ গুরুতর;

যেহেতু, আনীত অভিযোগসমূহ পূর্ণাঙ্গ তদন্তের স্বার্থে তাকে বিভাগীয় মোকদ্দমা চলাকালীন কর্মে বহাল রাখা সমীচীন হবে না ;

সেহেতু, সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ১২ বিধি অনুযায়ী সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর সাব-রেজিস্ট্রী অফিসের সাব-রেজিস্ট্রার জনাব সুব্রত কুমার দাশ-কে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িকভাবে বরখাস্ত থাকাকালীন তিনি জেলা রেজিস্ট্রার, সিরাজগঞ্জ এর কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং বিধি মোতাবেক খোরাকি ভাতা ও অন্যান্য ভাতা প্রাপ্ত হবেন।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(মোঃ গোলাম সারওয়ার)
সচিব (দায়িত্বপ্রাপ্ত)

নং-১০.০০.০০০০.১৩০.২৭.০০২.১৯- ৩ ১৬

তারিখ : ১২-০৯-২০১৯ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মহাপরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৪। উপ-পরিচালক, ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (উল্লিখিত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। জেলা রেজিস্ট্রার, সিরাজগঞ্জ।
- ০৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
- ০৮। জনাব সুব্রত কুমার দাশ, সাব-রেজিস্ট্রার, শাহজাদপুর, সিরাজগঞ্জ (সাময়িকভাবে বরখাস্তকৃত)।
- ০৯। অফিস কপি।
- ১০। গার্ড ফাইল।


(মোঃ আনোয়ারুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৬৬০১০।